✓MetroPlusHealth
50 Water St., 7th Floor • New York, NY 10004
1.800.303.9626 • TTY: 711 • metroplus.org

# আপনার মেম্বার হ্যান্ডবুক পরিবর্তন করা হয়েছে।

1লা এপ্রিল, 2025 থেকে নতুন পরিষেবা কার্যকর হবে।

**Doula** পরিষেবাদি

এটি আপনার Medicaid পরিচালিত পরিচর্যা প্ল্যানের সুবিধাগুলি সম্পর্কে একটি গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি। অনুগ্রহ করে মন দিয়ে পড়ুন। আপনার কোনও প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আমাদের কল করুন: 800.303.9626 (TTY: 711)।

**2025 সালের 1লা এপ্রিল** থেকে, MetroPlusHealth গর্ভাবস্থায় এবং গর্ভাবস্থা শেষ হওয়ার পরে 12 মাস পর্যন্ত Doula পরিষেবাগুলি কভার করবে, গর্ভাবস্থার শেষের ধরন যাই হোক না কেন। এখন সদস্যরা তাদের Medicaid কার্ড ব্যবহার করে Doula পরিষেবা নিতে পারেন। 1 এপ্রিল 2025 থেকে, আপনি MetroPlusHealth প্ল্যান কার্ড ব্যবহার করে Doula পরিষেবা নিতে পারবেন।

**Doula কী?**
Doula গর্ভবতী এবং প্রসবোত্তর মহিলাদের প্রসবের আগে, প্রসবের সময় এবং প্রসবের পরে বা গর্ভাবস্থা শেষ হলে শারীরিক, মানসিক, শিক্ষামূলক এবং চিকিৎসাজনিত নয়, এমন সহায়তা প্রদান করে।

**কোন ধরনের Doula পরিষেবাদি উপলভ্য?**
Doula পরিষেবার মধ্যে গর্ভাবস্থা এবং পরবর্তীতে Doula-এর সাথে আটবার (8) পর্যন্ত সাক্ষাৎ এবং প্রসবের সময় এবং সন্তান জন্মের সময় অবিরত সহায়তা অন্তর্ভুক্ত থাকতে পারে। যদি আপনি পূর্ববর্তী গর্ভাবস্থার 12 মাসের মধ্যে আবার গর্ভবতী হন, তবে নতুন গর্ভাবস্থার সাথে আপনার Doula পরিষেবার উপযুক্ততা আবার শুরু হবে। পূর্ববর্তী গর্ভাবস্থার কোনো অব্যবহৃত Doula পরিষেবা নতুন গর্ভাবস্থায় প্রযোজ্য হবে না।

Doula পরিষেবার মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:
- জন্ম পরিকল্পনা তৈরি করা;
- গর্ভাবস্থার পুরো সময় ধরে ধারাবাহিক সহায়তা;
- প্রসব ও শিশুরজন্মের সময় ধারাবাহিক সহায়তা;
- গর্ভাবস্থা, প্রসব এবং অল্প বয়সে লালন-পালন সম্পর্কে শিক্ষা এবং তথ্য;
- আপনার এবং আপনার চিকিৎসা প্রদানকারীদের মধ্যে যোগাযোগে সহায়তা করা; এবং
- আপনাকে কমিউনিটি-ভিত্তিক শিশুরজন্ম এবং পিতামাতার সংস্থানগুলির সাথে সংযুক্ত করা।

**যোগ্যতা**
যদি আপনি গর্ভবতী হন অথবা গত 12 মাসের মধ্যে গর্ভাবস্থায় ছিলেন, তবে আপনি Doula পরিষেবাদির জন্য যোগ্য। প্রতিটি গর্ভাবস্থায় আপনি এই পরিষেবার জন্য যোগ্য।

যদি আপনি 1 এপ্রিল, 2025 এর আগে Medicaid-এ নিবন্ধিত Doula দ্বারা Doula পরিষেবা গ্রহণ শুরু করেন, তাহলে আপনার গর্ভাবস্থার শেষে 12 মাস পর্যন্ত আপনার Doula পরিষেবাগুলি চালু থাকবে। যদি আপনি 1 এপ্রিল, 2025 অথবা তার পর থেকে Doula পরিষেবা গ্রহণ শুরু করেন, তাহলে আপনার Doula-কে MetroPlusHealth এর সাথে যুক্ত থাকতে হবে।

এই পরিষেবাগুলি সম্পর্কে আরও জানতে 800.303.9626 (TTY: 711) নম্বরে মেম্বার সার্ভিসে ফোন করুন।